# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৬৭০

৩/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৩৭. মসজিদে যাঞ্চা করা

## باب الْمَسْأَلَةِ فِي الْمَسَاجِدِ

আরবী

حَدَّثَنَا بِشْرُ بْنُ آدَمَ، حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ بَكْرٍ السَّهْمِيُّ، حَدَّثَنَا مُبَارَكُ بْنُ فَضَالَةَ، عَنْ ثَابِتٍ الْبُنَانِيِّ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي بَكْرٍ، قَالَ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " هَلْ مِنْكُمْ أَحَدٌ أَطْعَمَ الْيَوْمَ مِسْكِينًا " . فَقَالَ أَبُو بَكْرٍ رضى الله عنه ـ دَخَلْتُ الْمَسْجِدَ فَإِذَا أَنَا بِسَائِلٍ يَسْأَلُ فَوَجَدْتُ كِسْرَةَ خُبْزٍ فِي يَدِ عَبْدِ الرَّحْمَنِ فَأَخَذْتُهَا مِنْهُ فَدَفَعْتُهَا إِلَيْهِ .

ـ ضعيف : و هو الصحيح دون قصة السائل

বাংলা

১৬৭০। ’আবদুর রহমান ইবনু আবূ বকর (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমাদের মধ্যে এমন কেউ আছে কি যে আজ মিসকীনকে আহার করিয়েছে? আবূ বকর (রাঃ) বললেন, আমি মসজিদে ঢুকেই এক ভিক্ষুকের সাক্ষাৎ পেলাম। আমি ’আবদুর রহমানের হাতে এক টুকরা রুটি পেয়ে তার থেকে সেটা নিয়ে ভিক্ষুককে দান করলাম।[1]

দুর্বল : তবে ভিক্ষুকের ঘটনা বাদে সহীহ।

## English

‘Abd al-Rahman bin Abu Bakr (may Allah be pleased with him) said The Messenger of Allah (ﷺ) asked Is there anyone of you who provided food to a poor man today? Abu Bakr said I entered the mosque where a beggar was begging ; I found a piece of bread in the hand of ‘Abdal-Rahman which I took

and gave it to him

## ফুটনোট

[1] হাকিম, বায়হাক্বী, ত্বাবারানী। ইমাম হাকিম বলেন, মুসলিমের শর্তে সহীহ। ইমাম যাহাবী তার সাথে একমত পোষণ করেছেন। শায়খ আলবানী ‘সিলসিলাতুল আহাদীসিয যঈফাহ’ গ্রন্থে বলেন, এটা তাঁদের উভয়ের পক্ষ থেকে আশ্চর্যকর ব্যাপার! কেননা ইমাম যাহাবী নিজেই সনদের মুবারক ইবনু ফাযালাহকে ‘যু‘আফা ওয়াল মাতরূকীন’ গ্রন্থে উল্লেখ করেছেন। ইমাম আহমাদ ও নাসায়ী তাকে দুর্বল বলেছেন। তাছাড়া তিনি তাদলীস করতেন এবং তিনি এ হাদীসটি আন আন শব্দে বর্ণনা করেছেন।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু আবূ বাকর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58989

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন